ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ভেঙে গেল শ্রদ্ধা কাপুরের প্রেম!

পৃঃ ৫



ই-স্পোর্টস বিশ্বকাপে খেলবেন নেইমার

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৩০ ● কলকাতা ● ০৬ ভাদ্র, ১৪৩১ ● শুক্রবার ● ২৩ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## সিবিআই তদন্তের সাতদিন

# তবুও দোষীরা কেন অধরা !




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ এবং খুনের ঘটনায় জড়িত দোষীদের শাস্তির দাবিতে রাজ্যে করা হল সিবিআই তদন্ত। কিন্তু গত ৯ তারিখে আর জি কর ঘটনায় আজ ১২ দিনের মাথায় ৭ দিন পেরিয়ে গেলে এই সিবিআই তদন্তের কিন্তু এখনও দোষীরা অধরা! দোষীদের কেন সনাক্ত করতে পারলো না প্রশ্ন তুলেছেন সাধারণ জনতা। যে চারজন বন্ধুর সাথে তিলোত্তমা রাতের খাবার একসঙ্গে খেল তাঁরা গেল কোথায়? তাঁরা কেন মুখ খুলছে না? প্রতিবাদ করছে না। যেখানে অরাজনৈতিক ভাবে রাজ্যের আমরা প্রতিদিনই দেখছি প্রতিবাদী মিছিল তবুও কেন আর জি কর হাসপাতালে তিলোত্তমার সহকর্মীরা চুপ ! ভয় নাকি রহস্য ভেদ ! গোড়ায় গলদ ? বাংলায় একটি প্রচলিত প্রবাদ আছে সর্ষের মধ্যেই ভুত। বর্তমানে আর জি কর হাসপাতালের মধ্যেই লুকিয়ে আছে আর জি কর হত্যার রহস্য। সেখানে এই অমানবিক ঘটনাটি খোদ আর হাসপাতালের মধ্যেই হয়েছে! সেমিনার রুমের পাশেই যেখানে ডাক্তার রুম ছিল তড়িঘড়ি ভেঙে দিল সেই রুম কিসের ভয়ে? তিলোত্তমার চিৎকার আওয়াজ - ধস্তাধস্তি কারও কানে গেল না! নাকি সবাই সবটাই জানতো রহস্য যেন গভীর। দিনে দিনে আর জি কর একটা আতঙ্ক হয়ে উঠেছে মানুষের কাছে। আর অন্যদিকে রাজনীতির রঙ্গমঞ্চে ঘাস- পদ্ম- কাস্তে -হাতুঁরি তারা রাজনৈতিক তরজা। বঙ্গে এক তিলোত্তমার জন্য অন্য তিলোত্তমাদের আন্দোলন - রাত দখল- মিছিল - প্রতিবাদ - কিন্তু আরও কত তিলোত্তমা এই প্রতিবাদ- সমাবেশ - মিছিলের জেরে দূরে যাদের বাড়ি ফেরে হয়ত অনেক রাতে! প্রশ্ন উঠেছে

এরপর ৩ পাতায়

## আরজিকর কাণ্ডে দোষীদের শাস্তি দাবি করে

# আবার সরব হলেন অভিষেক




**বেবি চক্রবর্ত্তী: কলকাতা: নিউজ সারাদিন :** গত ১৪ অগাস্টের পরে ফের আর জি করের ঘটনা নিয়ে সোশ্যাল মিডিয়ায় সরব তৃণমূলের সেকেন্ড ইন কম্যান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়। ঘটনার পরে ১০ দিন কেটে গেলেও এখনও পর্যন্ত কেন কোনও কড়া পদক্ষেপ গ্রহণ করা হল না, তা নিয়ে বৃহস্পতিবারের পোস্টে প্রশ্ন তুলেছেন তৃণমূল সাংসদ।এদিনের সোশ্যাল মিডিয়া পোস্টে অভিষেক লেখেন, 'গত ১০ দিন ধরে আরজি কর মেডিক্যাল কলেজে ঘটে যাওয়া ঘটনা নিয়ে দেশজুড়ে প্রতিবাদ জানাচ্ছেন সাধারণ মানুষ, বিচার চাইছেন।কিন্তু, ঠিক যখন বিচারের প্রত্যাশায় মানুষ পথে নামছেন এই নারকীয় ঘটনার বিচার চেয়ে, ঠিক তখনই দেশের বিভিন্ন প্রান্তে ৯০০টি ধর্ষণের ঘটনা ঘটছে। দুঃখজনক ভাবে, বৃহত্তর ক্ষেত্রে এর সমাধানের প্রশ্ন থেকে যাচ্ছে আলোচনার বাইরেই। এরপরে অভিষেক লেখেন, 'প্রত্যেক দিন ৯০টি করে ধর্ষণের ঘটনা, প্রতি ঘণ্টায় ৪ জন এবং প্রত্যেক ১৫ মিনিটে একজন। এই মুহূর্তে কোনও কঠিন পদক্ষেপ যে কতটা জরুরি তা আমাদের কাছে এখন পরিষ্কার। আমাদের প্রয়োজন কড়া আইন, যা ঘটনার ৫০ দিনের মধ্যেই বিচার প্রক্রিয়া এবং দোষীদের শাস্তি প্রক্রিয়া নিশ্চিত করবে। কড়া শাস্তির বিধান দেবে। শুধু মাত্র ফাঁকা প্রতিশ্রুতি নয়। রাজ্য সরকারদের উচিত কেন্দ্রের উপরে চাপ সৃষ্টি করে ধর্ষণ বিরোধী কড়া আইন এবং দ্রুত বিচার প্রক্রিয়া নিশ্চিত করা। তার চেয়ে কম কোনও কিছুই মেনে নেওয়া যায় না।'

প্রসঙ্গত, দীর্ঘ সময় পেরিয়ে যাওয়ার পরেও এবং সিবিআইয়ের হাতে তদন্তভার যাওয়ার পরেও কেন দীর্ঘায়িত হচ্ছে বিচারপ্রক্রিয়া, তা নিয়ে প্রশ্ন তুলতে শুরু করেছে তৃণমূল।

## মঙ্গলে গুলি চালানোর প্ররোচনা দিলেন

# বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী




**নন্দীগ্রাম: নিউজ সারাদিন :** সোমবারের মধ্যে মমতা বন্দ্যোপাধ্যায় ইস্তফা না দিলে মঙ্গলবার গুলি চললে তাঁকেই দায় নিতে হবে। এমনই মন্তব্য করলেন পশ্চিমবঙ্গ বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আর তাঁর সেই মন্তব্যের পরই তৃণমূল কংগ্রেস প্রশ্ন তুলেছে যে গুলি চালানোর ক্ষেত্রে প্ররোচনা দিচ্ছেন নন্দীগ্রামের বিজেপি বিধায়ক।

রাজ্যে অরাজকতা তৈরি করার চেষ্টা করছে বিজেপি। সেই পরিস্থিতিতে শ্চিমবঙ্গ বিধানসভার বিরোধী দলনেতাকে অবিলম্বে গৃহবন্দী করার দাবি তুলেছেন তৃণমূল নেতা কুণাল ঘোষ। যদিও সেই বিষয়টি নিয়ে নতুন করে কোনও মন্তব্য করেননি পশ্চিমবঙ্গ বিধানসভার বিরোধী দলনেতা।

'মঙ্গলবার গুলি চললে দায় নিতে হবে মমতাকে আরজি কর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের তরুণী চিকিৎসকের ধর্ষণ এবং হত্যার ঘটনায় বুধবার শুভেন্দু বলেন, 'এটা পশ্চিমবঙ্গে ৩৫৫-রই (সংবিধানের ৩৫৫ ধারা) সামিল। পুলিশমন্ত্রী ফেল। ওর তো লাজ-লজ্জা নেই। সোমবারের মধ্যে পদত্যাগ করুন। নইলে মঙ্গলবার গুলি চললে তার দায় মমতাকে নিতে হবে। গুলি চললে মমতাকে .... ।'

'রাজ্যে অরাজকতা তৈরির চক্রান্ত বিজেপি-র' আর সেই মন্তব্যের পরই বিতর্ক শুরু হয়েছে। তৃণমূলের তথ্যপ্রযুক্তি এবং সোশ্যাল মিডিয়া সেলের রাজ্য সম্পাদক নীলাঞ্জন দাস বলেন, '২৭ অগস্ট (মঙ্গলবার) বিজেপি (রাজ্যের) আইন-শৃঙ্খলা নষ্ট করার যে জঘন্য চক্রান্ত করেছে, তা ফাঁস হয়ে গিয়েছে!




মাননীয়া মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়ের** উদ্যোগে

**শিশু কিশোর আকাদেমি**

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

**বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা (প্রেসিডেন্সি বিভাগ)**

**আগামী ২৪ ও ২৫ আগস্ট '২৪ হাওড়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, নদিয়া এবং কলকাতার ছোটোদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।**

২৪ এবং ২৫ আগস্ট প্রেসিডেন্সি বিভাগের উল্লিখিত জেলাগুলির জন্য এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার সময়সহ বিস্তারিত বিবরণ ও আবেদনপত্র সংগ্রহের জন্য দুপুর ১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত (প্রতি ক্ষেত্রে শনি, রবি ও অন্য ছুটির দিন বাদে) কলকাতায় শিশু কিশোর আকাদেমির কার্যালয়ে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র জমা দিতে হবে। **আবেদনের শেষ তারিখ ২০ আগস্ট ২০২৪।**

প্রতিযোগিতার বিষয়: 'ক' বিভাগ (৫ থেকে ১০+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি। 'খ' বিভাগ (১১ থেকে ১৬+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা। এই প্রতিযোগিতায় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে শংসাপত্র দেওয়া হবে। এবং এই প্রতিযোগিতার ভিত্তিতেই আসন্ন 'পঞ্চদশ রাজ্য শিশু কিশোর উৎসব'-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।

বিঃ দ্রঃ- আসন্ন রাজ্য শিশু কিশোর উৎসবে দলগত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য (গান, নাচ, আবৃত্তি, বৃন্দবাদন ইত্যাদি) এবং একক যন্ত্রবাদন, মূকাভিনয়, ম্যাজিক ইত্যাদি নানা বিষয়ের জন্য পেন ড্রাইভ/ডিভিডিসহ (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করতে হবে। দলগত অনুষ্ঠানে দলের লেটারহেডেএবং অন্যান্য একক অনুষ্ঠানের জন্য সাদা কাগজে সংশ্লিষ্ট আধিকারিকের নামে চিঠি জমা দিতে হবে। প্রতিটি ক্ষেত্রে অবশ্যই পেন ড্রাইভ/ডিভিডি (অফেরতযোগ্য) দপ্তরে জমা দিতে হবে।

**প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর। সময়: ২৪ আগস্ট সকাল ১০ টা থেকে 'ক' বিভাগ এবং ২৫ আগস্ট সকাল ১০টা থেকে 'খ' বিভাগ**

শিশু কিশোর আকাদেমি। উত্তীর্ণ, দ্বিতীয় তল। ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা:২৭ফোন: ০৩৩ ২২২৩ ৬২১০ ই-মেল: skakademi@gmail.com

## আরজি কর কাণ্ড নিয়ে সোনাগাছি

# যৌনপল্লীর এক মহিলার বক্তব্য

**বেবি চক্রবর্ত্তী: কলকাতা: নিউজ সারাদিন :** পুরুষদেরকে ওই যৌনকর্মী বার্তা দিয়েছেন যে, "সামান্য কয়েক মিনিটের বাসনার কারণে মেয়েদেরকে ধর্ষণ বা হত্যা না করে যৌন পল্লীতে যান।তিনি আরো বলেন যদি আপনার মধ্যে মহিলাদের নিয়ে এত যৌন বাসনা থাকে তাহলে আমাদের কাছে আসুন। দয়া করে মহিলাদের জীবন এভাবে নষ্ট করবেন না। ধর্ষণের মত ঘৃণ্য কাজ করে ওদের জীবন নষ্ট করবেন না।"উনি বলেন,এটা অনেক বড় যৌনপল্লী। আপনি এখানে আসতে পারেন। এখানে অনেক মেয়ে আছে যারা ২০ থেকে ৫০ টাকায় আপনার মনোরঞ্জন করবে। সুতরাং বাইরে কাজ করতে বেরোনো মেয়েদের নিশানা বানাবেন না। আমাদের মানসিকতা বদল করতে হবে।ওই যৌনকর্মীর এই বক্তব্য সামাজিক মাধ্যমে ভাইরাল হয়ে গেছে। যার কারণে বর্তমানে তিনি এখন ইন্টারনেট সেনসেশন বনে গেছেন। সোশ্যাল মিডিয়া ব্যবহারকারীরা ওই যৌনকর্মীকে হিরো বলে অভিহিত করছেন এবং ধর্ষকদের উনার কাছ থেকে মানবিকতার পাট নিতে উপদেশ দিচ্ছেন।একজন ব্যবহারকারী লিখেছেন, বেশিরভাগ ধর্ষকের কিছু সাধারণ বৈশিষ্ট্য থাকে যেমন সহানুভূতি বা অনুশোচনার অভাব আবেগপ্রবণতা অহংকার ক্ষমতার প্রতি লালসা এবং নারী দেহ।"

অপর এক ব্যবহারকারী লিখেছেন, "এটা লালসা নিয়ে নয় এটি নিষ্ঠুরতা ও বর্বরতার কথা তুলে ধরে যারা পতিতাবৃত্তিকে ন্যায্যতা দেয় দয়া করে আমাকে বলুন এই একই কাজ যদি কোন দানব কোন পতিতার সঙ্গে করেন তাহলে কি সেটা ঠিক হবে? সে কি মানুষ নয়?

## বৃহস্পতিবার শুনানির আগে

# প্রধান বিচারপতিকে চিঠি চিকিৎসক সংগঠনের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আরজি কর কাণ্ড নিয়ে আগামিকাল বৃহস্পতিবার ফের শীর্ষ আদালতে শুনানি রয়েছে। ঘটনার তদন্তের অগ্রগতি নিয়ে শীর্ষ আদালতে সিবিআইয়ের রিপোর্ট জমা দেওয়ার কথা রয়েছে। আর শুনানির কয়েক ঘন্টার আগে একাধিক 'আবদার' জানিয়ে দেশের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের কাছে বুধবার চিঠি পাঠাল সর্বভারতীয় রেসিডেন্টস ও জুনিয়র ডক্টর্সস জয়েন্ট অ্যাকশন ফোরাম (আইজাফ)।

যদিও প্রধান বিচারপতির সেই অনুরোধে কর্ণপাত করেননি জুনিয়র ও রেসিডেন্টস চিকিৎসকরা। নিজেদের রাজনৈতিক স্বার্থকে প্রাধান্য দিয়ে রোগীদের ভোগান্তিতে ফেলে কর্মবিরতি চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেন। আইনজীবীরা মনে করছেন, দেশের প্রধান বিচারপতির অনুরোধ উপেক্ষা করে কার্যত বিচার ব্যবস্থার প্রতিই অনাস্থা প্রকাশ করেছেন জুনিয়র চিকিৎসকরা। আর এবার মামলার পরবর্তী শুনানির আগে প্রধান বিচারপতিকে পাঠানো চিঠিতে একাধিক আবদার জানিয়েছেন 'কর্মনাশা আন্দোলনের' পথে হাঁটা জুনিয়র চিকিৎসকরা।ওই চিঠিতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তদন্তের অগ্রগতি নিয়ে জমা দেওয়া রিপোর্ট প্রকাশ্যে আনার অনুরোধ জানানো হয়েছে। আইনজীবীরা অবশ্য রেসিডেন্টস ও জুনিয় চিকিৎসকদের সংগঠনের এমন দাবিকে বিচারব্যবস্থার উপরে 'চাপ' তৈরির কৌশল হিসাবেই দেখছে।

গত মঙ্গলবারই আরজি কর কাণ্ড নিয়ে স্বতঃপ্রণোদিতভাবে মামলার শুনানি করেছিল প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের ডিভিশন বেঞ্চ। প্রথম দিনের শুনানিতে আরজি করে তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুনের মামলায় উদ্বেগ প্রকাশ করার পাশাপাশি দেশ জুড়ে চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের নিরাপত্তার জন্য জাতীয় টাস্ক ফোর্স গঠনের নির্দেশ দেন বিচারপতিরা। সেই সঙ্গে আরজি করের নিরাপত্তার দায়িত্বও কেন্দ্রীয় বাহিনীর হাতে তুলে দেওয়া হয়। ঘটনার তদন্তের দায়িত্বে থাকা সিবিআইকে স্ট্যাটাস রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেন প্রধান বিচারপতি। সেই সঙ্গে জুনিয় চিকিৎসকদের কর্মবিরতি তুলে কাজে ফেরারও অনুরোধ জানান।

## আর জি কর : প্রতিবাদ মিছিলে

# উত্তাল ডায়মণ্ড হারবার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সম্প্রতি আর, জি, কর হাসপাতালে মহিলা চিকিৎসকের প্রতি পাশবিক নির্যাতন ও নৃশংস খুনের বিচার

এরপর ৩ পাতায়


## টেন্ডার

**TENDER NOTICE**

E Tender is invited though online Bid System vide **NIeT No. 4/3rd Call/Rampara-I GP/2024-25** With **Vide Memo No. - 219/Ram-I/15th CFC (Tied)/2024-25, Dated:- 21-08-2024** by The Prodhan Rampara-I Gram Panchayat. Last Date of Application 30/08/2024 up to 2.00 pm Hours. Interested contractors please visit h**tpp://wbtenders.gov.in**

**Sd/-, Prodhan**
**Rampara-I Gram Panchayet**
**Rampara, Murshidabad**


## প্রধানমন্ত্রী পোল্যান্ডে ভারতীয় সম্প্রদায়ের উদ্দেশে ভাষণ দিয়েছেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ওয়ারশতে তাঁর সম্মানে আয়োজিত অনুষ্ঠানে ভারতীয় সম্প্রদায়ের উদ্দেশে ভাষণ দিয়েছেন।

প্রধানমন্ত্রীকে আন্তরিকতা ও উৎসাহের সঙ্গে স্বাগত জানান ভারতীয় সম্প্রদায়ের মানুষ। তাঁর ভাষণে প্রধানমন্ত্রী বলেন, পোল্যান্ডে কোনও ভারতীয় প্রধানমন্ত্রী এলেন ৪৫ বছর পরে এবং তিনি আগ্রহের সঙ্গে অপেক্ষা করছেন ভারত - পোল্যান্ড মৈত্রী জোরদার করার লক্ষ্যে রাষ্ট্রপতি আন্দ্রেজ দুদা এবং প্রধানমন্ত্রী ডোনাল্ড টাস্কের সঙ্গে বৈঠকের জন্য। তিনি আরও বলেন, গণতন্ত্রের জননী ভারত। দুটি দেশেরই লক্ষ্য আরও কাছাকাছি আসার। দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করতে ভারতীয় সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী। অপারেশন গঙ্গার সাফল্যে তাঁদের ভূমিকার প্রশংসা করেন তিনি। প্রধানমন্ত্রী ভারতীয় সম্প্রদায়কে ভারতের পর্যটনের দূত হওয়ার আহ্বান জানান এবং উন্নয়নের অংশীদার হতে বলেন। তিনি বলেন, কোলাপুরের ডোবরি মহারাজা এবং মনটে ক্যাসিনো যুদ্ধ স্মারক দুই দেশের মানুষে মানুষে প্রাণবন্ত মৈত্রীর উজ্জ্বল উদাহরণ। এই মৈত্রীকে আরও শক্তিশালী করতে প্রধানমন্ত্রী জামসাহেব স্মারক যুব বিনিময় কর্মসূচি নামে একটি উদ্যোগের কথা ঘোষণা করেন, যাতে প্রতি বছর ভারতে ২০ জন পোলিশ যুবাকে আমন্ত্রণ জানানো হবে। গুজরাটে ভূমিকম্পের সময়ে পোল্যান্ডের সাহায্যের কথা উল্লেখ করেন তিনি। প্রধানমন্ত্রী গত ১০ বছরে ভারতের রূপান্তরকারী অগ্রগতির কথা বলেন। আত্মবিশ্বাসের সঙ্গে তিনি জানান, আগামী কয়েক বছরে ভারত তৃতীয় বৃহত্তম অর্থনীতি হয়ে উঠবে। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত হয়ে উঠবে এই দেশ। সে সম্পর্কে তাঁর ভাবনার কথাও জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, পোল্যান্ড ও ভারত নতুন নতুন প্রযুক্তি এবং স্বচ্ছ শক্তির ক্ষেত্রে অংশীদারিত্ব বৃদ্ধি করছে ও দূষণমুক্ত উন্নতির লক্ষ্যে চালিত হচ্ছে। প্রধানমন্ত্রী 'বসুধৈব কুটুম্বকম্' মন্ত্রের কথা জানিয়ে বলেন, ভারত বিশ্বাস করে গোটা বিশ্ব একটি পরিবার। তাই, ভারত সারা বিশ্বের মঙ্গলের জন্যই কিছু করতে চায় এবং যে কোনও মানব-কেন্দ্রিক সঙ্কটে প্রথম এগিয়ে যেতে চায়।









## বক্সির নির্দেশে খুলে গেল নতুন গ্রুপ তৃণমূলে



**কলকাতা: নিউজ সারাদিন :** তৃণমূলের মিডিয়া হোয়াটসঅ্যাপ গ্রুপে শেষ নোটিফিকেশন এসেছিল ১৪ অগস্ট মধ্যরাতের পর। রাত তখন ১টা বেজে ৪৪ মিনিট। আরজি কর হাসপাতালে বহিরাগতদের হামলার তীব্র নিন্দা করে কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েলকে ফোন করেছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।তার পর সে কথা জানিয়ে এক্স হ্যান্ডেলে পোস্ট করেছিলেন অভিষেক। সেই পোস্টের লিঙ্ক শেয়ার করা হয়েছিল তৃণমূলের মিডিয়া গ্রুপে। অভিষেকের ক্যামাক স্ট্রিটের অফিস থেকে চলা সেই মিডিয়া গ্রুপে গত সাত দিন ধরে আর কোনও তথ্য শেয়ার করা হয়নি।মোদ্দা কথায়, আরজি কর কাণ্ডের পর রাজ্যের শাসক দল ও সরকার যখন ব্যাপক সমালোচনার মুখে পড়েছে তখন তৃণমূলের (পড়ুন অভিষেকের) সেই মিডিয়া টিম কোনও ফায়ার ফাইটিংই করেনি। চুপচাপ বসে রয়েছে। এহেন পরিস্থিতিতে রাজ্য সভাপতি সুব্রত বক্সীর নির্দেশে বুধবার রাতে নতুন হোয়াটসঅ্যাপ মিডিয়া গ্রুপ খুললেন দলের সহসভাপতি জয়প্রকাশ মজুমদার। দু'দিন আগে জয়প্রকাশ-চন্দ্রিমা ভট্টাচার্য-কুণাল ঘোষকে নিয়ে মুখপাত্রদের একটা টিম তৈরি করে দিয়েছেন সুব্রত বক্সী।

## কোচবিহারে আদালত চত্বর থেকে

# উদ্ধার গ্রেনেড, নিষ্ক্রিয় করল সেনা



**কোচবিহার: নিউজ সারাদিন :** দুদিন আগেই কোচবিহার আদালতের মালখানা থেকে সেনাবাহিনীর ব্যবহার করা একটি গ্রেনেড উদ্ধার করা হয়েছিল। মালখানায় ওই গ্রেনেড আদালতেরই কর্মীদের নজরে আসে। এবার বৃহস্পতিবার তোর্ষার বিসর্জন ঘাটে সেনার বোম্ব স্কোয়াডের আধিকারিকরা সেটি নিষ্ক্রিয় করেন। ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। জানা গিয়েছে, আদালত চত্বরে মালখানায় মামলা সংক্রান্ত বিভিন্ন সামগ্রী মজুত করে রাখা থাকে। সেখানে কিছু নেশার সামগ্রী পরিষ্কার করতে গিয়ে মঙ্গলবার সেখানকার কর্মীরা গ্রেনেডটিকে দেখতে পান। এরপর জায়গাটি সিল করে দেওয়া হয়। পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য বলেন, 'বিন্নাগুড়ির সেনা আধিকারিকরা গ্রেনেডটি নিষ্ক্রিয় করেছেন। 'প্রসঙ্গত, প্রায় দেড় বছর ২০২৩ সালে ১২ ফেব্রুয়ারি কোচবিহার আদালতের সেই মালখানা থেকে একই সামগ্রী পাওয়া গিয়েছিল। সেইসময় সেনাদের উপস্থিতিতে সেই গ্রেনেড নিষ্ক্রিয় করা হয়। নিষ্ক্রিয় করার সময় বিকট আওয়াজে কেঁপে ওঠে চারিদিক। এবার পুণরায় সেই ঘটনা ঘটল।

## এবার রাজ্যে শিশু নির্যাতনের অভিযোগ

**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** পাঁচ বছরে শিশুর উপর নারকীয় অত্যাচার মাসি ও মেসোর। যদিও শিশুটি তাদের বাবা-মা হিসেবেই চেনে। মাত্র তিন মাস বয়স থেকে তাদের কাছে মানুষ এই শিশুটি। চিরুনি দিয়ে তাকে সর্বত্র মারা হয়েছে। এর পাশাপাশি তার গোটা গায়ে জ্বলন্ত সিগারেটের ছেঁকা দেওয়া হয়েছে বলেও অভিযোগ। ঘটনার তদন্ত শুরু করেছে সোনারপুর থানার পুলিশ। সোনারপুরের গোড়খাড়া এলাকার বাসিন্দা অভিযুক্ত মাসী ও মেসোর সাথেই থাকতো আক্রান্ত শিশুটি। জন্মের পরেই তার মা মারা যায়। মা মারা যাওয়ায় মাত্র তিন মাস বয়স থেকেই মাসি ও মেসোর কাছেই থাকে সে। তাদেরকেই বাবা ও মা বলে জানতো ও ডাকত। আক্রান্ত শিশুটির স্কুলের বন্ধুরা, তার সারা শরীরে আঘাতের চিহ্ন দেখতে পায়। তারাই তাদের বাবা-ও মায়ের কাছে পুরো বিষয়টি খুলে বলে। অন্যান্য অভিভাবকরা বিষয়টি জানতে পেরে আক্রান্ত শিশুটির মাসি ও মেসোর কাছে যায়। আক্রান্ত শিশুটিকে নিয়ে পুলিশের কাছে জান স্কুলের অন্যান্য ছাত্র-ছাত্রীদের অভিভাবকরা। শিশুটিকে সোনারপুর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। শিশুটির প্রাথমিক চিকিৎসার পর আপাতত তাকে একটি সরকারি হোমে রাখা হয়েছে বলে সোনারপুর থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে। বিষয়টি অন্যান্য অভিভাবকরা সোনারপুর থানায় মৌখিকভাবে জানালেও এখনো পর্যন্ত কেউই লিখিত অভিযোগ দায়ের করেননি। স্কুলের পক্ষ থেকেও এখনো পর্যন্ত কোনো লিখিত অভিযোগ দায়ের হয়নি। নিজের থেকে ঘটনার তদন্ত শুরু করেছে সোনারপুর থানার পুলিশ। তবে এখনো পর্যন্ত গ্রেপ্তার হয়নি অভিযুক্তরা।

১-ম পাতার পর

# সিবিআই তদন্তের সাতদিন তবুও দোষীরা কেন অধরা !

এই প্রতিবাদী তিলোত্তমারা ও কি নিরাপদ! সে ঠিক করে বাড়ি ফিরল কিনা? রাস্তায় একা মেয়ে রাতে কোন অসুবিধা হয়নি তো যেন এক তিলোত্তমার সুবিচারের আশায় অন্য তিলোত্তমার জীবন বিপন্ন। মেয়েদের রাত দখলের প্রতিবাদের জেরে এক লেডি কনস্টেবলের একটি চোখ অন্ধ হয়ে গেল! সে ও একটা মেয়ে! প্রতিবাদ আর মিছিলের একদিকে নারী শক্তি জোরালো হয়েছে অন্যদিকে ট্রিফিক চলাচল বা যানচলাচল ব্যহত রেখে শহরের বুকে দূর দূরান্ত গ্রামে ফেরা মানুষ গুলো যেন প্রাণ সংশয় নিয়ে বাদুর ঝোলা ট্রেন- বাস- টোটো- টেকারে করে বাড়ি ফিরেছে। গরীব শিশু বেসরকারি হাসপাতালে চিকিৎসা করার মত সামর্থ্য নেই অর্থের অভাবে সরকারি হাসপাতালই একমাত্র ভরসা তারা যেন আতঙ্কিত চিকিৎসা ব্যাবস্থা ছিল সংকটে।চিকিৎসা পরিসেবা বন্ধ রেখে চলেছিল বেশ কয়েকটি দিন আন্দোলন প্রতিবাদী মিছিল সংকটে ছিল রোগী স্বাস্থ্য পরিষেবা। আবার কোথাও আর জি কর প্রতিবাদে হয়েছে ট্রেন অবরোধ। নিত্য খেটে খাওয়া মানুষগুলো যেন দেখা দিয়েছিল হাহাকার নিরব কান্না। উঠেছিল স্বর শুধু ডাক্তার বলেই এত প্রতিবাদ সমাজে কত গরিবের তিলোত্তমা আছে কাজের জন্য বা পড়াশোনার জন্য শহরে আসে সেই তিলোওমা গুলোর কেউ যদি বাড়ি না ফেরে বা মরদেহ বাড়ি ফেরে চলে না আন্দোলনে প্রতিবাদের ঝড়। গরীব বলে কি তাদের সমাজে মূল্য নেই সেই হারিয়ে যাওয়া তিলোত্তমাদের! চাই সমাজ সচেতন। আর জি কর হাসপাতাল মত লোকালয় শহরের বুকে যদি এই ধরণের ঘটনা হয়। রাতে গ্রামে - গঞ্জে খালি রাস্তায় অন্ধকার যেখানে আলো এখনও পৌঁছায়নি একবার সেই তিলোত্তমা প্রতিদিন যুদ্ধ করে। কর্মজীবী - শিক্ষার্থী- শিশু -স্কুল পড়ুয়া। নারী রা যেন নিত্য লড়াই করে বাসে - ট্রামে - ট্রেনে - আঁটো তে বাড়ি ফেরে। নিরাপত্তা এবং সমাজ সচেতন পাশাপাশি নারী শ্রদ্ধা -সম্মান। ক্রমশ সমাজে বেড়ে চলেছে নারী ধর্ষণ এর থেকে বাদ পড়েনি শিশুরাও। আজকের যুবসমাজে পড়ুয়াদের আন্দোলন নাড়া দিয়েছে প্রশাসনিক আর ভিন্ন রাজনৈতিক মহলে।

সর্ষের মধ্যেই ভুত। তবে আর জি কর হাসপাতালের মধ্যেই কি লুকিয়ে আছে আর জি কর হত্যার রহস্য! গোড়ায় গলদ নাকি কেঁচো খুঁড়তে কেউটে? সেদিকেই তাকিয়ে সাধারণ জনতা।

## আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের নৈতিক জয়

# সরানো হল আরজিকরের অধ্যক্ষকে পাশাপাশি পদ বাতিল হল সন্দীপ ঘোষের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : বুধবার স্বাস্থ্য ভবনের তরফ থেকে বড় নির্দেশে জানানো হয়েছে ন্যাশনাল মেডিকেল কলেজের সন্দীপ ঘোষের অধ্যক্ষ হওয়ার যে নির্দেশিকা রাজ্যের তরফে জারি করা হয়েছিল তা বাতিল করা হয়েছে। পাশাপাশি আর জি কর হাসপাতালের অধ্যক্ষ সুহৃতা পালকে সরিয়ে দেওয়া হয়েছে।

এই নির্দেশিকার ফলে আরজিকর মেডিকেল কলেজে বিতর্কিত এই অধ্যক্ষ পদ খোয়ালেন। এছাড়া একাধিক দাবিতে বুধবার স্বাস্থ্য ভবন অভিযানের ডাক দিয়েছিলেন আন্দোলনরত চিকিৎসকরা। আন্দোলনরত চিকিৎসকরা দীর্ঘক্ষণ স্বাস্থ্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করে বড় আন্দোলনের হুঁশিয়ারি দেন আন্দোলনরত চিকিৎসকরা।

আন্দোলনরত চিকিৎসকদের সঙ্গে স্বাস্থ্য ভবনের আধিকারিকদের সঙ্গে যে বৈঠক হয়েছিল সেই বৈঠক নিষ্ফলা হয়েছে বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন আন্দোলনরত চিকিৎসকরা। আর এর পরেই স্বাস্থ্য ভবনের আধিকারিকরা জরুরী বৈঠকে বসেন। এই বৈঠকে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম, সদ্য প্রাক্তন অধ্যক্ষ সুহৃতা পাল উপস্থিত ছিলেন।

বৈঠকের শেষে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম জানান আন্দোলনরত পড়ুয়াদের সমস্ত দাবি মেনে নেওয়া হচ্ছে। শীঘ্রই নতুন নিয়োগ হবে। আন্দোলনরত চিকিৎসকরা বলেন আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে বর্তমান প্রিন্সিপাল আসছেন না। ফলে তাকে সরাতে হবে। এর পরেই সুহৃতা পালকে প্রিন্সিপাল পথ থেকে সরিয়ে দেওয়া হয়। একই সঙ্গে ন্যাশনাল মেডিকেল কলেজের অধ্যক্ষ সন্দীপ ঘোষকেও সরিয়ে দেওয়া হয়। এর পাশাপাশি আর জি কর মেডিকেল কলেজ এবং মেডিকেল কলেজের এম এসভিপি বুলবুল মুখোপাধ্যায় এবং অ্যাসিস্ট্যান্ট সুপারকেও সরিয়ে দেওয়া হয়েছে বলে জানা গেছে। শুধু তাই নয় চেস্ট মেডিসিনের বিভাগীয় প্রধানকেও সরিয়ে দেওয়া হয়েছে বলে জানতে পারা গেছে।

প্রবল চাপের মুখে সরকারের এই সিদ্ধান্তে খুশি হয়েছেন আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা। তারা জানিয়েছেন এটা তাদের নৈতিক জয় হয়েছে ঠিকই কিন্তু আন্দোলন থেকে তারা এখনই সরে আসবেন না।

২ পাতার পর

# আর জি কর : প্রতিবাদ মিছিলে উত্তাল ডায়মণ্ড হারবার

এবং দোষীদের ফাঁসির দাবিতে আজ বিকাল চারটা থেকে দু'ঘন্টা ধরে উত্তাল হলো ডায়মণ্ড হারবারের রাজপথ। কোন রাজনৈতিক দলের পতাকা ছাড়া এই মহকুমা শহরে এতবড় প্রতিবাদ মিছিল সাম্প্রতিক কালে দেখা যায় নি। এলাকার ছাত্র-যুব সমাজের ডাকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা সহ বিভিন্ন পেশাজীবী এবং সাধারণ মানুষ এই প্রতিবাদ মিছিলে অংশগ্রহণ করেন। ডায়মণ্ড হারবার সুপার স্পেশালিটি হাসপাতালের সামনে থেকে এই মহা মিছিল শুরু হয়। ১১৭ নং জাতীয় সড়ক ধরে ডায়মণ্ড হারবার স্টেশন, থানা, মহকুমা প্রশাসন ভবন হয়ে ঋষি অরবিন্দ উদ্যান প্রভৃতি এলাকা পরিক্রমা করে পুনরায় স্টেশন মোড়ে প্রায় পাঁচ হাজার মানুষের সমাবেশ ঘটে। মহিলাদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। নির্যাতিতার স্মরণে মোমবাতির আলো জ্বালানোর সঙ্গে সঙ্গে "আগুনের পরশমণি..." গান গাওয়া হয়। সরিষা রামকৃষ্ণ মিশন সারদা মন্দিরের প্রধান শিক্ষিকা সর্বানী চ্যাটার্জীর সঙ্গে এই গানে কণ্ঠ মেলান উপস্থিত মহিলারা। এক মিনিট নীরবতা পালনের মাধ্যমে তাঁকে শ্রদ্ধা জানানোর পর ছ'টার সময় কর্মসূচি শেষ করা হয়।

## ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইউক্রেনের কিয়েভ সফর করবে

# 'রেল ফোর্স ওয়ান' নামে একটি ট্রেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ২৩ আগস্ট ইউক্রেনের কিয়েভ সফর করবে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বহুদিন ধরে চলমান রক্তক্ষয়ী যুদ্ধ চলছে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে। নতুন করে রাশিয়া ভূখণ্ডের কার্স্ক অঞ্চলে ঢুকে অভিযান চালিয়েছে ইউক্রেনীয় ফৌজ। এরপর পালটা মার দিয়েছে মস্কোও। এই পরিস্থিতিতে কামানের গর্জনের মধ্যেই ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির দেশে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আগামী ২৩ আগস্ট তিনি পা রাখবেন কিয়েভে। জানা গিয়েছে যে ভারতের প্রধানমন্ত্রীকে নিয়ে সফর করবে 'রেল ফোর্স ওয়ান' নামে একটি ট্রেন। চলমান যুদ্ধের কারণে এখন ইউক্রেনের আকাশ খুবই বিপজ্জনক। যেকোনও সময় আছড়ে পড়তে পারে শত্রুপক্ষের মিসাইল। তাই আকাশপথে বন্ধ বাণিজ্যিক উড়ান পরিষেবা। তাই বিমানে চেপে কিয়েভে পৌঁছনোর উপায় নেই। এই অবস্থায় ইউক্রেনের কূটনীতিকদের পরিবহণ মাধ্যম হয়ে উঠেছে রেল পথই। পাশাপাশি লৌহবর্মে মোড়া এই সাঁজোয়া ট্রেনটি কার্যত অভেদ্য। তাই যুদ্ধের মধ্যে মোদির সুরক্ষায় এই ট্রেনটির ব্যবস্থা করেছেন জেলেনস্কি। রেল ফোর্স ওয়ানের আরেকটি নাম 'লৌহ কূটনীতি'। এই যানে সওয়ার হয়েই এর আগে বিভিন্ন দেশের প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট। শুনতে ট্রেন যাত্রা হলেও, এই ট্রেনের ভিতরে যা রয়েছে তা কোনও বিলাসবহুল বিমানের থেকে কম নয় বলে জানা গিয়েছে।

## নৌকা করে বাড়ি থেকে বেরিয়ে আগরতলা মহাকরণে গেলেন

# ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা

**ত্রিপুরা: নিউজ সারাদিন** : গত তিনদিন ধরে ত্রিপুরার বিভিন্ন জেলায় ভারী বৃষ্টিপাতের ফলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। প্রশাসন সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ত্রাণ ও উদ্ধারকার্য নিয়োজিত রয়েছে । ত্রিপুরা সরকারের তরফে কেন্দ্রীয় সরকারকে বন্যায় উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে নিয়মিত অবহিত করা হয়েছে। প্রাথমিকভাবে জানা গেছে, বন্যায় বাড়ি ঘর নষ্ট হওয়া ছাড়াও গবাদি পশু, রাস্তাঘাট, বিদ্যুৎ এবং কৃষিজ ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। NDRF, SDRF ও স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে বিভিন্ন জায়গায় জলবন্দি নাগরিকদের উদ্ধারকার্য পুরোদমে চালু রয়েছে । বিশেষ করে নদীর উপকূলবর্তী এলাকায় ঝুঁকিপূর্ণ এলাকাগুলিতে তৎপরতার সাথে নাগরিকদের নিরাপদ আশ্রয়ে নিয়ে যাওয়া হচ্ছে। প্রশাসন সর্বতোভাবে জনগণের পাশে রয়েছে, অযথা বিভ্রান্তি ও গুজবে কান না দেওয়ার জন্য ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা জনগণের প্রতি আবেদন রেখেছেন। আগরতলা শহর জলমগ্ন হয়ে থাকায় নৌকা করে বাড়ি থেকে বেরিয়ে আগরতলা মহাকরণের নিজ অফিসে গেলেন মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা।

# চন্দ্রযান-৩ সাফল্যে জাতীয় মহাকাশ দিবস পালন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো চাঁদে চন্দ্রযান-৩ এর ল্যান্ডার এবং রোভার সফলভাবে অবতরণ করে একটি উল্লেখযোগ্য মাইলফলকে পৌঁছায়।

এর সাথে, ভারত চাঁদে অবতরণকারী চতুর্থ দেশ এবং চাঁদের দক্ষিণ মেরু অঞ্চলের কাছে প্রথম অবতরণ করে। সফট-ল্যান্ডিং এর পর প্রজ্ঞান রোভার সফলভাবে মোতায়েন করা হয়। এই কৃতিত্বের স্বীকৃতি দিয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২৩ আগস্টকে ভারতে "জাতীয় মহাকাশ দিবস" হিসাবে ঘোষণা করেন। ২৩ আগস্ট প্রথম জাতীয় মহাকাশ দিবস উপলক্ষে ছাত্রছাত্রীদের মধ্যে মহাকাশ ও ইসরোর কর্মকান্ড তুলে ধরতে একটি কুইজ প্রতিযোগীতা অনুষ্ঠীত হল কলকাতার অভিনব ভারতী হাই স্কুলে। আই আই টি খড়গপুরের প্রাক্তনীদের নিয়ে গঠিত শিক্ষা প্রতিষ্ঠান এডুডাইম উদ্যোগে এই প্রতিযোগীতায় পুর্ব ভারতের ৯০ টি স্কুলের ৩০০ ছাত্রছাত্রী ও ১০০ শিক্ষক শিক্ষিকা অংশ নেন।

মহাকাশ এবং ইশরোর চাঁদে অবতরন নিয়ে কুইজ প্রতিযোগীতা পরিচালনা করেন এবং মহাকাশ গবেশনায় ভারতের সাফল্য তুলে ধরেন আই আই টি খড়গপুরের মেটালার্জিক্যাল ও মেটিরিয়াল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক শিদ্ধার্থ দাস,আই আই টি খড়গপুরের দুই প্রাক্তনী রাজীব আগরওয়াল ও শুভময় বক্সি। তারা জানান,এদিনের আলোচনা ও কুইজের পর ছাত্রছাত্রীরা নিজেদের স্কুলে ফিরে গিয়ে আবার এ বিষয়ে আলোচনা করবেন এবং আরো মানুষকে এ সম্পর্কে অবগত করবেন।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ২৩০ সংখ্যা ২৩ আগস্ট, ২০২৪ শুক্রবার ০৬ ভাদ্র, ১৪৩১

## সম্পাদকীয়

### দাম নিয়ন্ত্রণে না এলে ব্যবস্থা নেওয়া হবে', আলু নিয়ে এবার হুঁশিয়ারি দিলেন কৃষি বিপণনমন্ত্রী

ব্যবসায়ী সমিতি কর্মবিরতির ডাক দেওয়ায় দাম বাড়তে শুরু করেছে। এই ধর্মঘট যদি না ওঠে দ্রুত তাহলে আলুর সংকট দেখা দেবে। এই আবহে নানা টালবাহানার পর এবার বাংলার আলু ভিন রাজ্যে পাঠানোর প্রস্তাবে সায় দিয়েছে রাজ্য সরকার। সুতরাং ধর্মঘট উঠে যাবে তা বোঝাই যাচ্ছে। তবে এই বাংলার আলু ভিন রাজ্যে পাঠানোর প্রস্তাবে সায় দেওয়ার নেপথ্যে অন্যতম শর্ত ছিল কলকাতা-সহ গ্রামবাংলার বাজারে আলুর খুচরো দাম কেজি প্রতি ৩০ টাকা বা তার কম হতে হবে। কিছুদিন আগেও আলুর দাম মারাত্মক বেড়ে গিয়েছিল। তখন কর্মবিরতির বিষয়টিও চালু ছিল। তারপর বাজারে নামাতে হয় টাস্ক ফোর্স। আলুর দাম তখন কমে। তারপর আবার বাড়তে শুরু করেছে। সুফল বাংলার স্টলে এখন ২৮ টাকা কেজি দরে আলু বিক্রি হচ্ছে। এই বিষয়ে কৃষি বিপণনমন্ত্রী বেচারাম মান্নার বক্তব্য, 'হিমঘর থেকে গত কদিনে আলু তেমন বের করা হয়নি। তার জেরে বাজারে জোগানে ঘাটতি আছে বলেই ধরে নিচ্ছি। কাল পরশু থেকে দাম নিয়ন্ত্রণে না এলে ব্যবস্থা নেওয়া হবে।' আর টাস্ক ফোর্সের সদস্য রবীন্দ্রনাথ কোলের কথায়, 'শুক্রবার থেকে আবার আমরা বাজারে অভিযান চালাব। অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করব।'মঙ্গলবার ভিন রাজ্যে পাঠানোর অনুমতি মেলে। কিন্তু তার পরে ভিন রাজ্যে আলু যাওয়া শুরু করলেও আজ, বৃহস্পতিবার পর্যন্ত কলকাতার বাজারে আলুর দাম নিয়ন্ত্রণে আসেনি।

এখনও কলকাতার বেশিরভাগ বাজারে জ্যোতি আলু বিক্রি হয়েছে ৩৫ টাকা কেজি দরে। অথচ আলুর পাইকারি দাম ২৫ টাকা। আর চাষিরা এখন এক কেজি জ্যোতি আলু বিক্রি করে দাম পাচ্ছেন ১৮ টাকা। কলকাতার বাজারে পাইকারির সঙ্গে খুচরা দামে এত ফারাক থাকছে কেন? উঠছে প্রশ্ন। এই বিষয়ে কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না ও টাস্ক ফোর্সের সদস্যরা জানান, দু'এক দিনের মধ্যে ৩০ টাকা বা তার কম দামে আলু বিক্রি না করলে ব্যবস্থা নেওয়া হবে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কথা দিয়েছিলেন আলু ভিন রাজ্যে পাঠাতে অনুমতি দেবেন। যদি আলুর দাম ৩০ টাকা বা তার নীচে নামানো হয়। সে কথা রাখলেন তিনি।এখন আলু ব্যবসায়ী সমিতির কথা রাখার পালা। আর সেই কথা তাঁরা রাখলেন কিনা সেটা জানতে একসপ্তাহ পর আবার আলু নিয়ে রিভিউ মিটিং করা হবে। যদি দেখা যায় দাম নিয়ন্ত্রণে থাকছে না, সেক্ষেত্রে রাজ্য সরকার আবার অনুমতি প্রত্যাহার করে নেবে। ব্যবসায়ীরাও প্রতিশ্রুতি দিলেও বাস্তবে দেখা গিয়েছে, খুচরো বাজারে আলুর দাম এখনও নিয়ন্ত্রণে আসেনি। প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতির রাজ্য সম্পাদক লালু মুখোপাধ্যায় বলেন, 'পাইকারি বাজারের সঙ্গে খুচরো আলুর দামের বিস্তর ফারাক হচ্ছে। এতটা হওয়ার কথা নয়। কারণ, হিমঘরে চাষিরা ১৮ টাকা কেজি দরে আলু বিক্রি করলেও তা বাজারে ২৫ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।'

## প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ তহবিল থেকে অর্থ সাহায্য ঘোষণা করা হয়েছে

নয়াদিল্লি, ২২ আগস্ট , ২০২৪ : নিউজ সারাদিন : প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী অন্ধ্রপ্রদেশের আনাকাপল্লীতে একটি কারখানায় দুর্ঘটনায় জীবনহানিতে শোকপ্রকাশ করেছেন। শ্রী মোদী এই দুর্ঘটনায় আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। প্রধানমন্ত্রী এই দুর্ঘটনায় মৃতদের নিকট আত্মীয়ের জন্য প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ তহবিল থেকে এককালীন ২ লক্ষ টাকা ও আহতদের জন্য ৫০ হাজার টাকা অর্থ সাহায্য ঘোষণা করেছেন। প্রধানমন্ত্রীর দফতর থেকে এক্স বার্তায় বলা হয়েছে ; "আনাকাপল্লীর কারখানায় দুর্ঘটনায় জীবনহানিতে আমি মর্মাহত। যারা তাঁদের নিকট আত্মীয়দের হারিয়েছেন, তাঁদের প্রতি রইল সমবেদনা। আহতদের দ্রুত আরোগ্য কামনা করি। এই দুর্ঘটনায় মৃতদের নিকট আত্মীয়ের জন্য প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ তহবিল থেকে এককালীন ২ লক্ষ টাকা ও আহতদের জন্য ৫০ হাজার টাকা অর্থ সাহায্য দেওয়া হবে : প্রধানমন্ত্রী @narendramodiÓ

## জঙ্গলের দেবী মা মনসা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

আর তা থেকে রক্ষা হবে করোনা ভাইরাস।আগামী দিনগুলো আরো সুস্থ-সবল ও সুন্দরভাবে বাঁচতে গেলে প্রাকৃতিক এ মাতৃরূপে উচ্চ করাটা অত্যন্ত জরুরী।সে কারণেই বহু প্রাচীনকাল হইতে এই পৃথিবী কে মাতৃ রূপে পূজা করে এসেছে তপশিলি জাতি, উপজাতি মানুষরা ছাড়া ভারতবর্ষজুড়ে নয় পৃথিবী জুড়ে।নদ-নদী জঙ্গল সবাইকে মাতৃ রুপে একটি আরাধ্য দেবী নামে পূজা করেছে এই জনজাতির মানুষেরা।

**ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## মাতৃ শক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)



সেখানেই পাওয়া গেল জমি। একলপ্তে ষাট বিঘা। জমির মালিক কোনও হিন্দু জমিদার নন। তিনি খ্রিস্টান। নাম হেস্টি। কলকাতায় তখন সুপ্রিম কোর্ট। সেখানকার অ্যাটর্নি তিনি। জমি কিনতে খরচ হল ৫৫ হাজার টাকা। জমির গড়ন খানিকটা কচ্ছপের পিঠের মতো, অর্থাৎ তন্ত্রমতে শাক্তসাধনার উপযুক্ত এই জমি।

মন্দির কেমন হবে সে সম্পর্কে রানির ধারণা ছিল স্পষ্ট। মন্দির হবে নবরত্ন মন্দির। অর্থাৎ মন্দিরের মাথায় থাকবে নয়টি চূড়া। প্রথম ধাপে চারটে। তার ওপরের ধাপে আরও চারটে। আর একবারে মন্দিরশীর্ষে একটা। রাসমণি মন্দিরের এই গঠনশৈলীর ধারণা পেয়েছিলেন সম্ভবত একটি রাধাকৃষ্ণর মন্দির দেখে। মণ্ডলদের রাসমন্দির। টালিগঞ্জের কাছে। মণ্ডল পরিবারের আদিনিবাস ছিল বজবজের কাছে বাওয়ালিতে। সেখানেই তাঁদের জমিদারি প্রায় আড়াইশোটা গ্রামজুড়ে। পরিবারের তিন পুরুষ সদস্য, তিন ভাই, কলকাতায় টালি নালার কাছে থাকতে শুরু করেন। ইংরেজদের

**ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## সাংবাদিকতা, বহুমূখীপ্রতিভা, বাউলগানে সমাজসেবায়

# গুণীজন সংবর্ধনা স্বপন দত্ত বাউলকে বেঙ্গল রিপোটার্স গ্রিল্ডের



স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন, ২১ জুলাই ২০২৪ : গুণীজন সংবর্ধনা পেয়ে মাথায় তুলে নিলেন পুরস্কার নিঃস্বার্থ বিনা পারিশ্রমিকে সমাজ সচেতনের বাউল শিল্পী স্বপন দত্ত। কোলকাতা বেহালায় বেঙ্গল রিপোটার্স গিল্ড গুণীজন সংবর্ধনা দিলেন বেঙ্গল রিপোটার্স গিল্ড বেহালায় কনফারেন্স হলে এক মহতী অনুষ্ঠানে স্বপন দত্ত বাউলকে। এই সম্মান দেওয়া হয় দীর্ঘ বহ বছর ধরে ফ্রিল্যান্সার সংবাদদাতা ও বহুমূখী প্রতিভায় দক্ষতা এবং নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে সমাজ সচেতন সমাজের কুসংস্কার কুপ্রথা দূরীকরণ এবং দেশে বিদেশে শান্তি সম্প্রীতির বার্তায় মুগ্ধ হয়ে। এছাড়াও ২০২৪ লোক সভা নির্বাচনে সারা রাজ্যের ২৩টি জেলায় ও ৪২ টি লোক সভা ভোট কেন্দ্রে নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে পথে পথে গানে গানে ভিক্ষাকরে যাতায়াত গাড়ি ভাড়া খরচ খাবার জোগাড় করে বাউল গানে শান্তি পূর্ন ভোটের বার্তায় বিশেষ করে ভোটের দিনে যেন কোনো প্রাণ হানি না ঘটে এই বার্তায় জনগণ কে সচেতন করে প্রাণহানি মুক্ত ভোট হওয়ায় সফল স্বপন দত্ত বাউল কে গুণীজন সংবর্ধনা পুরস্কার দেওয়া হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলা রাইটার্স গিল্ড হামিদ আহম্মেদ, পরিমল কর্মকার, রিমা শিকদার, নগেন সাধুখাঁ, স্বপন নস্কর, সুচন্দা মতিলাল, বৃষ্টি মাইতি প্রমুখ সম্মানীয় ব্যক্তিত্ব। সাধারণ সম্পাদক পরিমল কর্মকার বলেন পূর্ব বর্ধমানের রাষ্ট্রপতির প্রসংশিত, জাতীয় সম্মানিত , আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন শিল্পী , সংবাদদাতা,বহুমূখী প্রতিভা ও নিঃস্বার্থ বাউল গানে সমাজ সচেতনের শিল্পী স্বপন দত্ত বাউল বাংলা রাইটার্স গিল্ড এর একজন হিতাকাঙ্খী মানুষ তার হাতে গুণীজন সংবর্ধনা তুলে দিতে পেরে আমরা গর্বিত। এই অনুষ্ঠানে উপস্থিত স্বপন বাউল তার বহুমূখী প্রতিভা বিভিন্ন রূপের প্রদর্শন করেন এছাড়াও তিনি বলেন আমি মনে করি এখানে উপস্থিত বিশিষ্ট ব্যাক্তিবর্গ রা সকলেই বিভিন্ন পেশায় দক্ষ। তিনি বাংলা রাইটার্স গিল্ড এর অন্যতম সকল গুণীজন সদস্য কনফারেন্স হলে উপস্থিত ব্যক্তিত্বদের গুণীজন সম্মাননায় মানপত্র দিয়ে প্রত্যেককে নিজ নিজ দক্ষতার সম্মান দিয়ে সকলকেই উৎসাহিত করলেন। স্বপন বাউল বলেন আমি এক সামান্য মানুষ আমি গুণীজন হবার যোগ্য নয় , আপনদের দেওয়া পুরস্কার মাথায় তুলে নিলাম , ভাবিনি কোলকাতার বেহালায় পাব এত সম্মান। আরো বলেন আমাকে যেভাবে সম্মানিত করলেন আপনাদের কাছে এজীবনে আমার অনেক ঋণ, জানিনা আসবে কিনা কোনো পরিশোধের দিন। স্বপন বাউল বলেন আমি চাই সকলেরই আশির্বাদ শুভেচ্ছা ও ভালোবাসা। আপনারা সকলেই আমাকে আশির্বাদ করুন আমি যেন নিঃস্বার্থ বিনা পারিশ্রমিকে আমার সাংবাদিকতা, বহুমূখী প্রতিভা ও বাউল গানের মাধ্যমে সুষ্ঠ সমাজ গঠনের লক্ষ্যে নিজেকে আরও সুদূর প্রসারী করে দেশের ও দশের গর্ব হতে পারি দেশ মাতার সম্মান রক্ষা করতে পারি।

## তিব্বতি ধর্মগুরু দলাই লামার সঙ্গে আমেরিকার মাটিতে

# বৈঠক করলেন হোয়াইট হাউসের প্রতিনিধিরা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : তিব্বতি ধর্মগুরু দলাই লামার সঙ্গে আমেরিকার মাটিতে বৈঠক করলেন হোয়াইট হাউসের প্রতিনিধিরা। নিউ ইয়র্কের ওই বৈঠকে বৃহস্পতিবার হাজির ছিলেন প্রেসিডেন্ট জো বাইডেনের সরকারের বিদেশ দফতরের কয়েক জন আধিকারিকও। চিনের উপর কূটনৈতিক চাপ বাড়াতেই আমেরিকার এই পদক্ষেপ বলে মনে করা হচ্ছে।

আমেরিকার হাউস অব রিপ্রেজেন্টেটিভস সম্প্রতি 'তিব্বত-চিন বিরোধ নিষ্পত্তিকে উৎসাহ প্রদান' আইন ৩৯১-২৬ ভোটে পাশ করেছে। সেনেটেও তা পাশ হয়ে গিয়েছে। ওই আইন অনুযায়ী, তিব্বতের ইতিহাস, মানুষ ও প্রতিষ্ঠান সম্পর্কে সম্পর্কে চিনের 'মিথ্যা তথ্য'-এর মোকাবিলা করতে অর্থ সহায়তা করবে আমেরিকা। তিব্বত তাদের অংশ বলে চিন যে দাবি করে, সেই ভাষ্যের পাল্টা জবাব দেওয়ার কথা বলা হয়েছে এই আইনে। তিব্বতের নেতাদের সঙ্গে চিনের যে আলোচনা ২০১০ সাল থেকে বন্ধ হয়ে আছে, তা চালু করার জন্য বেজিংয়ের উপরে চাপ সৃষ্টি করার কথাও বলা হয়েছে ওই প্রস্তাবে। অভিযোগ, অধিকৃত তিব্বত লাগোয়া পূর্ব লাদাখের কিছু অংশে এখনও ভারতের জমি দখল করে বসে আছে বেজিংয়ের লাল ফৌজ। নরেন্দ্র মোদী সরকার তার প্রায় গোটা দ্বিতীয় পর্ব জুড়ে নানা ভাবে চেষ্টা করেও সামগ্রিক ভাবে চিনা সেনাকে পশ্চাদপসরণ করাতে পারেনি। ফলে তিব্বতের তাস যদি আমেরিকা খেলে, তা ভারতের পক্ষে সুবিধাজনক হবে বলেই কূটনৈতিক মহলের একাংশ মনে করছে।দলাইয়ের নিউ ইয়র্ক সফর নিয়ে বৃহস্পতিবার কড়া প্রতিক্রিয়া জানিয়েছে চিনের একদলীয় শাসন ব্যবস্থার নিয়ন্ত্রক কমিউনিস্ট পার্টি।

৮৯ বছরের দলাই লামার আমেরিকা সফর নিয়ে আগেই আপত্তি তুলেছিল চিন। কিন্তু বাইডেন সরকার তাতে কর্ণপাত করেনি। প্রসঙ্গত, ২০১৭ সালের পর আবার দলাই আমেরিকা সফরে গেলেন। তবে এর মধ্যে একাধিক বার ওয়াশিংটের প্রতিনিধিদের সঙ্গে তাঁর বৈঠক হয়েছে। দু'মাস আগে আমেরিকার কংগ্রেসের নিম্নকক্ষ হাউস অফ রিপ্রেজেনটেটিভসের প্রাক্তন স্পিকার ন্যান্সি পেলোসি-সহ সাত সদস্যের একটি প্রতিনিধি দল হিমাচল প্রদেশের ধর্মশালায় বৈঠক করেছিলেন তিব্বতি ধর্মগুরুর সঙ্গে। তার আগে গত বছরের জুলাই মাসে আমেরিকার বিদেশ দফতরের আন্ডার সেক্রেটারি উজ[illegible]রা জ[illegible]য়ো ভারত সফরে এসে দিল্লিতে দলাই লামার সঙ্গে সাক্ষাৎ করেছিলেন। দু'বারই কড়া প্রতিক্রিয়া জানিয়েছিল চিন। উজরা বৃহস্পতিবারও নিউ ইয়র্কের বৈঠকে হাজির ছিলেন। ছিলেন, হোয়াইট হাউসের মানবাধিকার বিষয়ক দফতরের প্রধান কেলি রাজুক। প্রসঙ্গত, ১৯৫১ সাল থেকে চিনা ফৌজ তিব্বত দখলের পর থেকেই প্রতিরোধ আন্দোলনে নেতৃত্ব দিচ্ছেন দলাই। ১৯৫৯ সালে চিন প্রশাসনের চোখে ধুলো দিয়ে তিনি ভারতে আসেন। ভারত তাঁকে আশ্রয় দেয়। পৃথক রাষ্ট্রের দাবিতে, তিব্বতের স্বাধীনতা আন্দোলন নিয়ে গোটা বিশ্বে তাঁর নেতৃত্বেই প্রতিবাদ করে চলেছেন তিব্বতিরা। তিব্বতে চিনা দখলদারির বিরুদ্ধে জনমত গঠনের পাশাপাশি ভারতে 'নির্বাসিত তিব্বতি সরকারে'রও নেতৃত্বে রয়েছেন দলাই। এই পরিস্থিতিতে তাঁর সঙ্গে ওয়াশিংটনের সরকারি প্রতিনিধিদের আলোচনাকে তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

# সিনেমার খবর

## ভেঙে গেল শ্রদ্ধা কাপুরের প্রেম!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী শ্রদ্ধা কাপুর। প্রেমের সম্পর্কের গুঞ্জনে একাধিকবার খবরের শিরোনাম হয়েছেন। চলতি বছরের শুরুতে জানা যায়, চিত্রনাট্যকার রাহুল মোদির সঙ্গে সম্পর্কে জড়িয়েছেন শ্রদ্ধা। যদিও কয়েক মাসের ব্যবধানে এ সম্পর্ক ভেঙে যাওয়ার গুঞ্জন উড়ছে বলিপাড়ায়। মূলত, সোশ্যাল মিডিয়া রেডিট ব্যবহারকারী একজন শ্রদ্ধার প্রেম ভাঙার খবর সামনে আনেন। ইনস্টাগ্রামে রাহুল মোদিকে আনফলো করেছেন শ্রদ্ধা কাপুর। শুধু তাই নয়, রাহুলের বোনকেও আনফলো করেছেন তিনি। এরপর থেকে রাহুলের সঙ্গে শ্রদ্ধার প্রেম ভাঙার খবর বাতাসে ভেসে বেড়াচ্ছে। তবে এ নিয়ে শ্রদ্ধা কিংবা রাহুল কেউই মুখ খুলেননি। শ্রদ্ধা অভিনীত সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা 'তু ঝুটি ম্যায় মক্কার'। এতে তার বিপরীতে অভিনয় করেন রণবীর কাপুর। গত বছরের ৮ মার্চ মুক্তি পায় এটি। এ সিনেমার চিত্রনাট্যকার রাহুল মোদি। সিনেমাটির কাজ করতে গিয়ে রাহুলের সঙ্গে শ্রদ্ধার প্রেমের সূত্রপাত। শ্রদ্ধার পরবর্তী সিনেমা 'স্ত্রী টু'। অমর কৌশিক পরিচালিত এ সিনেমায় তার বিপরীতে অভিনয় করেছেন রাজকুমার রাও। কমেডি-হরর ঘরানার এ সিনেমা আগামী ১৫ আগস্ট মুক্তি পাবে। বর্তমানে এ সিনেমার প্রচারের কাজে ব্যস্ত সময় পার করছেন এই অভিনেত্রী।

## করণের কাছে কী আবদার করলেন অনন্যা?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অনন্যা পান্ডে 'কল মি বে'-এর হাত ধরে ওটিটিতে প্রথম পা রাখতে চলেছেন। নায়িকার অনুরাগীরাও তার প্রথম সিরিজ মুক্তির জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন। আর এর মাঝেই তার ভক্তদের মধ্যে উৎসাহ আরও একটু বাড়িয়ে দেওয়ার জন্য নির্মাতা প্রকাশ্যে আনলেন সিরিজের নতুন প্রোমো ও মুক্তির দিনক্ষণ।




প্রোমোতে দেখা গিয়েছে অনন্যা পান্ডে একটি রকেটে বসে করণ জোহরের নাম করে ডেকে যাচ্ছেন। অন্যদিকে, করণ তার সহকর্মীদের নির্দেশ দিতে ব্যস্ত। অনন্যার ডাকাডাকিতে পরিচালক তার কাছে গেলে, অনন্যা বলেন, 'কী করছ তুমি?' করণ বলেন, 'তোমাকে লঞ্চ করার ব্যবস্থা করছি।'

তখন অনন্যা বলেন, 'তুমি আমাকে আগেই তো লঞ্চ করেছ।' এরপর করণ তার ছবির একটি ডায়লগের অনুকরণে বলতে শুরু করেন,ওআমরা একবার বাঁচি, একবার মরি, বিয়েও একবার করি, কিন্তু লঞ্চ তো বার বারই করা যায়, তাই না৷ অবাক হয়ে নায়িকা জিজ্ঞাসা করেন ওকী৷ এরপর স্বভাবচিত ভঙ্গিতে করণ বলেন, 'প্রিয় ওটা বলিউড লঞ্চ ছিল, এটা ওটিটি লঞ্চ।'

করণের এক সহকর্মী তার থেকে জানতে চান তিনি কোথায় অনন্যাকে লঞ্চ করতে চান, করণ জানান অবশ্যই প্রাইম ভিডিও-এ। এই কথা শুনে বেশ খুশি হয়ে যান অভিনেত্রী। করণের থেকে জানতে চান, তিনি কোন চরিত্রে অভিনয় করবেন? করণ বলেন, 'একেবারে নতুন কিছু, যা তোমার জন্য ভীষণ চ্যালেঞ্জিং হবে। এমন একটা রোল যা তুমি আগে কখন করনি।'

এরপর অন্যনা আবদার করে বলেন, 'আমাকে গরীব একটি মেয়ের চরিত্রে দেখা যেতে পারে? মির্জাপুরের মতো।' এরপর করণ বলেন, 'হ্যাঁ একদম কাছাকাছি আন্দাজ করেছ চরিত্রটা। একজন সাউথ দিল্লির ধনী পরিবারের মেয়ে।'

## ভারতের জাতীয় পুরস্কার পেলো 'অপরাজিত', 'কাবেরী অন্তর্ধান'





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতের ৭০ তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারের মঞ্চে বাংলা সিনেমার জয়জয়কার। জোড়া পুরস্কার পেলেন পরিচালক অনিক দত্তের ছবি 'অপরাজিত'। সত্যজিৎ রায়ের ওপর নির্মিত জিতু কমল অভিনীত সিনেমাটি সেরা মেকআপ এবং প্রোডাকশন ডিজাইন বিভাগে দুটি জাতীয় পুরস্কার পেয়েছে।

এছাড়াও কৌশিক গঙ্গোপাধ্যায় পরিচালিত 'কাবেরী অন্তর্ধান' সেরা বাংলা সিনেমার পুরস্কার জিতেছে। করোনা পরিস্থিতির জেরে দুইবছর বন্ধ ছিল জাতীয় পুরস্কার বিতরণের অনুষ্ঠান। সে অনুযায়ী ২০২২ সালে মুক্তি পাওয়া সিনেমাগুলো ছিল তালিকায়। অনিক দত্ত এবং কৌশিক গঙ্গোপাধ্যায় টলিউডকে এনে দিলেন সম্মানীয় এই পুরস্কার।

এই মঞ্চে টলিউডের পাশাপাশি দাপট বজায় রেখেছে দক্ষিণ ইন্ডাস্ট্রিও। কান্তারা পেয়েছে সেরা অভিনেতার পুরস্কার। মালয়ালি সিনেমা 'আত্তম' জিতে নিয়েছে সেরা সিনেমার শিরোপা।

অন্যদিকে, সেরা হিন্দি সিনেমার পুরস্কার পেলো 'গুলমোহর'। এ আর রহমান এবং প্রীতম পেলেন সেরা সঙ্গীত পরিচালকের পুরস্কার। 'ব্রহ্মাস্ত্র' ছবির জন্য সেরা প্লেব্যাক গায়ক হিসেবে জাতীয় পুরস্কার জিতলেন অরিজিৎ সিং।

## রেকর্ড গড়ে পাঠানকে টপকে গেল 'স্ত্রী ২'







**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুক্তির প্রথম দিনে বেশ ধামাকাদার সূচনা করল রাজকুমার রাও-শ্রদ্ধা কাপুরের চলচ্চিত্র 'স্ত্রী ২'। বাঘা বাঘা সব সিনেমার রেকর্ড ভেঙে শাহরুখের পাঠানকেও টপকে গেল সিনেমাটি।

বৃহস্পতিবার (১৫ আগস্ট) মুক্তির প্রথম দিনেই অমর কৌশিকের 'স্ত্রী ২' আয় করেছে ৬০ কোটি রুপি! এর মধ্যে অবশ্য আট কোটি ৩৫ লাখ রুপি এসেছে পেইড-প্রিমিয়ার থেকে। তবে বলিউডের ইতিহাসে প্রথম দিনে সর্বোচ্চ আয় করা সিনেমার তালিকায় শাহরুখ খান অভিনীত 'পাঠান'কে টপকে দ্বিতীয় স্থানে জায়গা করে নিয়েছে 'স্ত্রী ২'। গত বছর মুক্তি পাওয়া 'পাঠান'-এর প্রথম দিনের আয় ৫৫ কোটি রুপি। ৬৫ কোটি ৫০ লাখ রুপি আয় করে শীর্ষস্থানটি দখলে রেখেছে শাহরুখ অভিনীত আরেক চলচ্চিত্র 'জওয়ান'।

এদিকে মুক্তির পর থেকে দর্শক ও সমালোচকদের ভূয়সী প্রশংসা পাচ্ছে 'স্ত্রী ২'। ধারণা করা হচ্ছে, বক্স অফিসে বড়সড় চমক দেখাতে চলেছে শ্রদ্ধা কাপুর ও রাজকুমার রাও অভিনীত হরর-কমেডি এই সিনেমাটি।

## স্বস্তির জয়ে
# শুভসূচনা রেড ডেভিলসদের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** প্রিমিয়ার লীগের শুরুটা প্রায় সময়ই ম্যানচেস্টার ইউনাইটেডের ভালোই হয়।অন্তত পরিসংখ্যান তাই বলে।লীগের প্রথম ম্যাচে রেড ডেভিলসদের থেকে বেশি জয় (২২)ও পয়েন্ট(৭০) পায়নি আর কোন দল।সেই ধারা অব্যহত ছিল আরও একটি মৌসুমেও।তবে শনিবার ফুলহ্যামের বিপক্ষে জয়টা সহজে ধরা দেয়নি টেন হেগ শিষ্যদের।গোলশুন্য সমতায় শেষ হতে যাওয়া ম্যাচের শেষ মুহুর্তে ব্যবধান গড়ে দেন ইয়োশুয়া জিকর্জি।

ওল্ড ট্র্যাফোর্ডে শুক্রবার মাঠে গড়িয়েছে ইংলিশ প্রিমিয়ার লীগ।উদ্বোধনী ম্যাচে ফুলহ্যামের বিপক্ষে ১-০ ব্যবধানে জিতেছে ইউনাইটেড। ৮৭তম মিনিটে একমাত্র গোলটি করেছেন দলের ডাচ স্ট্রাইকার জিকর্জি।

দুই দলের সবশেষ দেখায় গত ফেব্রুয়ারিত ঘরের মাঠেই ২-১ গোলে হেরেছিল ইউনাইটেড। চ্যাম্পিয়নস লীগের টিকেট নিশ্চিতেত মিশনে থাকা দলটি এবার নিল মধুর প্রতিশোধ। সব দিক থেকেই ম্যাচে ছিল তাদের দাপট। ৫৫ শতাংশ সময় বদল দখলে রেখে ১৪ শট নেয় তারা, লক্ষ্যে ছিল পাঁচটি। ফুলহ্যামের ১০ শটের কেবল দুটি ছিল লক্ষ্যে।ইউনাইটেড গোলরক্ষক আন্দ্রে ওনানার দক্ষতায় তার কোনটি পায়নি জালের দেখা।

অন্যদিকে বেশ কিছু সুযোগ নষ্ট করে ইউনাইটেডও প্রায় পয়েন্ট হারাতে বসেছিল। ক্যাসমিরো, ফের্নান্দেসরা যখন একের পর এক ব্যর্থ হচ্ছিলেন তখন রেড ডেভিলস শিবিরে স্বস্তি নিয়ে আসেন জিকর্জি।৮৭ তম মিনিট কাসেমিরোর কাছ থেকে বল পেয়ে দারুণ ক্রস করেন গারনাচো। তার সঙ্গেই বদলি নামা বদলি নামা জিকর্জি নিখুঁত ফিনিশে ব্যবধান গড়ে দেওয়া গোলটি করেন এই ডাচ ফরোয়ার্ড। গারনাচোর খানিক পর সুবর্ণ সুযোগ হাতছাড়া না করলে জয়ের ব্যবধান আরও বড় হতে পারত।

## আর জি কর কাণ্ডে সরব বুমরাহ



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে এক নারী চিকিৎসককে ধর্ষণের পর হত্যার প্রতিবাদে ভারতের কলকাতাজুড়ে বিক্ষোভ ছড়িয়ে পড়েছে।ওরাত দখল কল্পের মতো নানান কর্মসূচিতে সরব আন্দোলনকারীরা। প্রতিবাদে দেশটির তারকারাও সামিল হচ্ছেন। ভারতীয় দলের ক্রিকেটার জাসপ্রীত বুমরাহও এবার প্রতিবাদ জানিয়েছেন।

আলিয়ার একটি পোস্ট ইনস্টাগ্রামে স্টোরি দিয়েছেন এই পেসার। তাতে লেখা, মেয়েদের পথ বদল করতে বলবেন না, পরিবেশ বদল করুন। সব নারীই ভালো পরিবেশের দাবিদার।

এর আগে, সামাজিক যোগাযোগমাধ্যমে আলিয়া লেখেন, 'আরও একটা ধর্ষণ, বুঝলাম মেয়েরা কোথাও সুরক্ষিত নয়।এক দশক আগে নির্ভয়াকাণ্ড নাড়া দিয়ে গিয়েছিল। আবার একই ঘটনা, কিছুই বদলায়নি।আমরা কীভাবে আমাদের কর্মস্থলে যাব? এই চিন্তাই যেন কুরে কুরে খাচ্ছে। এই ঘটনা আরও একবার চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিলো মহিলাদের সুরক্ষা আসলে তাদের নিজেদের হাতেই তুলে নিতে হবে।'

এদিকে একটি ভিডিওতে তার লেখা একটি কবিতা পাঠ করেন আয়ুষ্মান। সেখানে আয়ুষ্মান বলেন, 'আমি যদি ছেলে হতাম, তবে আমিও দরজায় ছিটকিনি না দিয়ে ঘুমোতে পারতাম। আমি যদি ছেলে হতাম, তাহলে ঘুরে বেড়াতাম সারারাত। সবার মুখে শোনা যায়, মেয়েকে পড়াশোনা করিয়ে প্রতিষ্ঠিত করতে হয়। আজ যদি চিকিৎসক না হতাম, তবে এভাবে মাকে চোখের জল হয়তো ফেলতে হতো না। ৩৬ ঘণ্টা ধরে ধর্ষণ, পুরুষদের লালসার স্বীকার হলাম। যদি ওই পুরুষগুলোর মধ্যে ন্যূনতম নারীসত্ত্বা থাকত। ভাবছি যদি আমি ছেলে হতাম, তাহলে বেঁচে থাকতাম।'

## এসএ২০: সরাসরি চুক্তি ও ধরে রাখা
# ক্রিকেটারদের তালিকা প্রকাশ




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** সাউথ আফ্রিকার এসএ২০ লিগের তৃতীয় মৌসুমের পর্দা উঠতে যাচ্ছে ২০২৫ সালের ৯ জানুয়ারি। ৬ দলের টুর্নামেন্টের ফাইনাল হবে ৮ ফেব্রুয়ারি। পরবর্তী আসরকে সামনে রেখে বিদেশি ক্রিকেটারদের প্রি-সাইনিং ও রিটেইন ক্রিকেটারদের তালিকা প্রকাশ করেছে ফ্র্যাঞ্চাইজিরা।

**ড্রাফটের আগে ৬ দলের স্কোয়াড:**

**ডারবান সুপার জায়ান্টস**

ব্রেন্ডন কিং, কুইন্টন ডি কক, নাভিন উল হক, কেন উইলিয়ামসন, ক্রিস ওকস, প্রেনেলান সুব্রিয়েন, ডোয়াইন প্রিটোরিয়াস, কেশভ মহারাজ, নূর আহমেদ, হেনরিখ ক্লাসেন, জন-জন স্মুটস, উইয়ান মুল্ডার, জুনিয়র ডালা, ব্রাইস পার্সনস, ম্যাথু ব্রেটকস, জেসন স্মিথ, মার্কাস স্টইনিস।

**জোবার্গ সুপার কিংস**

ফাফ ডু প্লেসি, মঈন আলী, জনি বেয়ারস্টো, মাহেশ থিকশানা, ডেভন কনওয়ে, জেরাল্ড কোয়েতজে, ডেভিড ভিসে, লুস ডু পোলি, লিজাড উইলিয়ামস, নান্দ্রে বার্গার, ডোনাভন ফেরেইরা, ইমরান তাহির, সিবোনেলো মাখায়া, তাবরাইজ শামসি।

**এমআই কেপটাউন**

রশিদ খান, বেন স্টোকস, কাগিসো রাবাদা, ট্রেন্ট বোল্ট, আজমতউল্লাহ ওমরজাই, ডেওয়াল্ড ব্রেভিস, রায়ান রিকেলটন, জর্জ লিন্ডে, নুয়ান থুসারা,কনর এস্টারথুজেন, ডেলানো পটজেটার, রাসি ভ্যান ডার ডাসেন, থমাস কাবের, ক্রিস বেঞ্জামিন।

**প্রিটোরিয়া ক্যাপিটালস**

অ্যানরিখ নরকিয়া, জেমস নিশাম, উইল জ্যাকস, রহমানুল্লাহ গুরবাজ, উইল স্মিদ, মিগেল প্রিটোরিয়াস, রাইলি রুশো, অ্যাথান বশ, ওয়াইন পারনেল, সেনুরান মুথুস্যামি, কাইল ভ্যারেইনে, ড্যারিন ডুপাভিলন, স্টিভ স্টক, তিয়ান ভ্যান ভুরেন।

**পার্ল রয়্যালস**

ডেভিড মিলার, মুজিব উর রহমান, স্যাম হেইন, জো রুট, দীনেশ কার্তিক, কিউনা মাফাকা, লুয়ান ড্রে প্রিটোরিয়াস, বিজর্ন ফরটুইন, লুঙ্গি এনগিদি, মিচেল ভ্যান বুরেন, কেইথ দুডজিওন, নাকাবা পিটার, আন্দিলে ফেহলুকায়ো, কোডি ইউসুফ, জন টার্নার, ডায়ান গ্যালিম, জ্যাকব বেথেল।

**সানরাইজার্স ইস্টার্ন কেপ**

এইডেন মার্করাম , জ্যাক ক্রলি, রুলফ ভ্যান ডার মারউই, লিয়াম ডওসন, ওটিনেল বার্টম্যান, মার্কো জেনসেন, বেয়ার্স সোয়ানেপিওল, কালিব সেলেকা, ট্রিস্টিয়ান স্টাবস, জর্ডান হারমান, প্যাট্রিক ক্রুগার, ক্রেইগ ওভারটন, টম অ্যাবল, সাইমন হার্মার, আন্দিলে সিমিলেন, ডেভিড বেডিংহাম।

## আবারও আইপিএল খেলতে চান স্মিথ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্টিভেন স্মিথের আইপিএল পারফরম্যান্স সার্বিকভাবে খুব খারাপ নয়। তবে ২০২১ আসরে বাজে পারফরম্যান্সের পর ভারতের এই ফ্র্যাঞ্চাইজি লিগে আর দেখা যায়নি তাকে। ফেরার ইচ্ছে অবশ্য তার প্রবলভাবেই আছে। অস্ট্রেলিয়ান ব্যাটসম্যান স্পষ্ট করেই বললেন, বিশ্বের শীর্ষ ফ্র্যাঞ্চাইজি লিগে আবার খেলতে চান তিনি।

আইপিএলে এখনও পর্যন্ত ৯ মৌসুম খেলেছেন স্মিথ। ১০৩ ম্যাচ খেলে ১ সেঞ্চুরি ও ১১ ফিফটিতে তার রান ৩৪.৫১ গড়ে ২ হাজার ৪৮৫। স্ট্রাইক রেট ১২৮.০৯। এক মৌসুমে সবচেয়ে বেশি রান করেছেন তিনি ২০১৭ আসরে। রাইজিং পুনে সুপারজায়ান্টসের হয়ে তিনি সেবার ৩৯.৩৩ গড়ে করেন ৪৭২ রান। পরে তাকে সাড়ে ১২ কোটি রুপিতে দলে নেয় রাজস্থান রয়্যালস। ২০১৮ আসরে তিনি খেলেননি। রাজস্থানের হয়ে পরের দুই মৌসুমে পারফরম্যান্স খুব একটা খারাপ ছিল না। ২০১৯ আসরে রান করেন ৩১৯, ২০২০ আসরে ৩১১। কিন্তু দিল্লি ক্যাপিটালসের হয়ে ২০২১ আইপিএলে একদমই ভালো করতে পারেননি। সেবার ৮ ম্যাচে ১৫২ রান করেন কেবল ১১২.৫৯ স্ট্রাইক রেটে। ছিল না কোনো ফিফটি। আইপিএলে এখনও পর্যন্ত তার শেষ আসর সেটিই। গত আসরে নিলামে নাম লেখালেও ২ কোটি রুপি ভিত্তিমূল্যের ব্যাটসম্যান অবিক্রিত রয়ে যান। পরে বিশ্লেষক হিসেবে টিভিতে কাজ করেন তিনি। তবে সামনের আসরে স্টুডিওতে নন, ব্যাট হাতে ২২ গজেই থাকতে চান তিনি। কোড স্পোর্টসকে সেই আশার কথাই শোনালেন ৩৫ বছর বয়সী ব্যাটসম্যান।

স্মিথ বলেন, "অবশ্যই আবার আইপিএলের অংশ হতে পারলে দারুণ লাগবে আমার, নিশ্চিতভাবেই। চাইব আমরা নামটা যেন বিবেচনায় থাকে (দলগুলির)। সেজন্য প্রচুর রান করে যেতে হবে। কে জানে, সুযোগ আসতেও পারে। দেখা যাক।"

সামনেই আইপিএলের মেগা নিলাম। স্মিথের তাই সম্ভাবনা কিছুটা আছে। তিনটি ফ্র্যাঞ্চাইজির আগ্রহ তাকে নিয়ে আছে বলে ভারতীয় সংবাদমাধ্যমে খবরও প্রকাশিত হয়েছে। সম্প্রতি অবশ্য অস্ট্রেলিয়ার টি-টোয়েন্টি দলেও জায়গা হারিয়েছেন স্মিথ। গত বিশ্বকাপের দলে তাকে রাখা হয়নি। যে পথে এগোচ্ছে অস্ট্রেলিয়ার টি-টোয়েন্টি দল, তাতে ভবিষ্যতে এই সংস্করণে তার সুযোগ পাওয়ার সম্ভাবনা আপাতত কমই মনে হচ্ছে।

স্মিথ নিজেও সেটি নিয়ে অনিশ্চিত। বিশ্বকাপ দলে জায়গা না পাওয়ার হতাশাও তিনি জানিয়ে রাখলেন। স্মিথ বলেন, "আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে ফেরা নিয়ে কিছু আমি জানি না। এটা নিয়ে নির্বাচকদের জিজ্ঞেস করতে পারেন। টি-টোয়েন্টি বিশ্বকাপের দলে জায়গা না পেয়ে অবশ্যই হতাশ হয়েছিলাম। তবে এরকম হতেই পারে, তারা (নির্বাচকরা) বিগ হিটারদের দলে নিতে চেয়েছিল।"

## ই-স্পোর্টস বিশ্বকাপে খেলবেন নেইমার





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চোটের কারণে অনেকদিন থেকেই মাঠের বাইরে নেইমার জুনিয়র। খেলতে পারেননি সর্বশেষ কোপা আমেরিকাতেও। অবশ্য মাঠে ফেরার লড়াই ইতোমধ্যে শুরু করে দিয়েছেন এই ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। তার আগেই তাকে দেখা যাবে ই-স্পোর্টস বিশ্বকাপে।

সৌদি আরবের আল হিলাল ক্লাবের হয়ে খেলেন নেইমার। এই সৌদিতেই এখন চলছে ই-স্পোর্টস বিশ্বকাপ। নেইমার নিজে গেমিং খুব ভালোবাসেন। প্রায়ই তাকে গেম খেলতে দেখা যায়। তাই হাতের কাছে থাকা সুযোগ হাতছাড়া করতে চাননি তিনি। একটি প্রদর্শনী ম্যাচে অংশ নেবেন সাবেক বার্সা ও পিএসজি তারকা।

বেশ কয়েকটি সৌদি সংবাদ মাধ্যম জানিয়েছে, নেইমার ই-স্পোর্টস বিশ্বকাপে কাউন্টার স্ট্রাইক ২, রকেট লিগ এবং টেক্কেন এ তিনটি আলাদা গেম খেলবেন। এদিকে, প্রায় আট মাসেরও বেশি সময় তিনি মাঠের বাইরে। লিগামেন্টের চোট সারতে বছরখানেক লেগে যেতে পারে।

## কার্তিকের চোখে
# ভারতের সর্বকালের সেরা একাদশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের সর্বকালের সেরা একাদশ বাছাই করেছেন দীনেশ কার্তিক। নির্দিষ্ট কোনো ফরম্যাট নয়, তিন ফরম্যাট বিবেচনায় দল বানিয়েছেন তিনি। কার্তিকের এই দলে জায়গা হয়নি দেশটির অন্যতম সফল অধিনায়ক মহেন্দ্র সিংহ ধোনির।

কার্তিকের বেছে নেওয়া দলে রয়েছেন ৫ জন ব্যাটার, ২ জন করে অলরাউন্ডার, স্পিনার ও পেসার। ওপেনার হিসেবে কার্তিক দলে রেখেছেন বীরেন্দ্রর শেবাগ ও রোহিত শর্মাকে। দুজনেই আগ্রাসী ব্যাটার। টেস্ট এবং সাদা বলের ক্রিকেটে সাফল্য পেয়েছেন তারা।

তিন নম্বরে নামবেন রাহুল দ্রাবিড়। দলে কোনো বিশেষজ্ঞ উইকেটরক্ষক না থাকায় সেই দায়িত্ব পালন করতে হবে দ্রাবিড়কেই। এই দলে ব্যাটার হিসেবে আরও দুই গ্রেটকে রেখেছেন কার্তিক। বিরাট কোহলি ও শচীন টেন্ডুলকার আছেন একাদশে।

অলরাউন্ডার হিসেবে দলে রয়েছেন যুবরাজ সিং এবং রবীন্দ্র জাদেজা। ব্যাটিং, বোলিং কিংবা ফিল্ডিং তিন বিভাগেই পারদর্শী তারা। দলে দুই বিশেষজ্ঞ স্পিনার রবিচন্দ্রন অশ্বিন এবং অনিল কুম্বলে। তারা টেস্ট ক্রিকেটে ভারতের হয়ে সবচেয়ে বেশি উইকেট নিয়েছেন। পেস বোলিং সামলাবেন জাসপ্রিত বুমরাহ এবং জহির খান। দলে দ্বাদশ ক্রিকেটার হিসেবে রয়েছেন হরভজন সিংহ।

কার্তিকের সর্বকালের সেরা ভারত একাদশ:

বীরেন্দর শেবাগ, রোহিত শর্মা, রাহুল দ্রাবিড়, শচীন টেন্ডুলকার, বিরাট কোহলি, যুবরাজ সিং, রবীন্দ্র জাদেজা, রবিচন্দ্রন অশ্বিন, অনিল কুম্বলে, জাসপ্রিত বুমরাহ এবং জহির খান।

## ৩৪ শটের রেকর্ড
# টাইব্রেকার জিতে ইউরোপা লিগে আয়াক্স



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইউরোপা লিগের বাছাইয়ের তৃতীয় রাউন্ডের ম্যাচে টাইব্রেকার গড়িয়েছে ৩৪ শটে। ইউরোপিয়ান ফুটবলে রেকর্ড গড়া টাইব্রেকারে প্যানাথিনাকসকে ১৩-১২ গোলে হারায় আয়াক্স আমস্টারডাম।

ইউরোপিয়ান প্রতিযোগিতার কোনো ম্যাচেই পেনাল্টি শুটআউট এতো দীর্ঘ হয়নি। ২০০৭ সালে অনূর্ধ্ব-২১ ইউরোতে ৩২ শটের টাইব্রেকার দেখা গিয়েছিল নেদারল্যান্ডস-ইংল্যান্ডের মধ্যকার ম্যাচে। বিশ্বরেকর্ড ভাঙার পথটা অবশ্য আরও দূরে। ইসরায়েলের তৃতীয় স্তরের লিগে দিমোনা ও শিমশনের মধ্যকার ম্যাচের ফল বের করতে ৫৬ শটের টাইব্রেকার অনুষ্ঠিত হয়।

আমস্টেরডামে বিশ্বরেকর্ড না হলেও হয়েছে ইউরোপিয়ান রেকর্ড। বাছাইপর্বের প্রথম লেগে ১-০ গোলে জেতে আয়াক্স। দ্বিতীয় লেগে ড্রয়ের পথেই এগোচ্ছিল ম্যাচ। কিন্তু ৮৯ মিনিটে তেতের গোলে নাটকীয়ভাবে এগিয়ে যায় প্যানাথিনাকস। দুই লেগ মিলিয়ে ১-১ ব্যবধান থাকায় খেলা গড়ায় টাইব্রেকারে। যেখানে দুটি দলই শট নেয় ১৭টি করে। ছয়জন ফুটবলার দুবার করে শট নেন। দুবারই সেখানে গোল করতে ব্যর্থ হন আয়াক্সের ব্রায়ান ব্রোভি। কিন্তু তা সত্ত্বেও জয় নিয়ে মাঠ ছাড়ে স্বাগতিকরা। ডাচ ক্লাবটির হয়ে টাইব্রেকারে জয়সূচক গোলটি করেন আন্তোন গায়েই। পুরো টাইব্রেকারে সময় ব্যয় হয় ২৫ মিনিট।

## সব ধরনের ক্রিকেটে
# নিষিদ্ধ ডিকভেলা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সব ধরনের ক্রিকেট থেকে নিষিদ্ধ হয়েছেন শ্রীলঙ্কার ক্রিকেটার নিরোশান ডিকভেলা। লঙ্কান প্রিমিয়ার লিগের (এলপিএল) সবশেষ আসরে অ্যান্টি ডোপিং আইন ভঙ্গের অভিযোগে অনির্দিষ্টকালের জন্য নিষিদ্ধ হয়েছেন এই লঙ্কান উইকেটকিপার ব্যাটার। ১৬ আগস্ট এক সংবাদ বিজ্ঞপ্তিতে ডিকভেলার নিষিদ্ধের বিষয়টি নিশ্চিত করেছে শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ড (এসএলসি)। লঙ্কানদের হয়ে ৫৪ টেস্ট, ৫৫ ওয়ানডে ও ২৮টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন ৩১ বছর বয়সী এই ক্রিকেটার। সর্বশেষ ২০২৩ সালের নিউজিল্যান্ডের বিপক্ষে টেস্টে শ্রীলঙ্কার হয়ে খেলেছেন তিনি।

এলপিএলের ২০২৪ আসরে গল মার্ভেলসের অধিনায়কের দায়িত্বে ছিলেন ডিকভেলা। তার নেতৃত্বে রাউন্ড রবিন লিগে বেশ ভালো করেছিল গল। পয়েন্ট তালিকায় শীর্ষস্থানে থেকে শেষ করার ফাইনালেও খেলেছিল গল মার্ভেলস। তবে ফাইনালে জাফনার কাছে ৯ উইকেটে হেরে শিরোপা জেতা হয়নি গলের।

পুরো আসরে নেতৃত্বে ভালো করলেও ব্যাট হাতে ভালো করতে পারেননি ডিকভেলা। ১০ ম্যাচে ১৮.৪০ গড় ও ১৫৩.৩৩ স্ট্রাইক রেটে ১৮৪ রান করেছেন তিনি। এমন বাজে পারফরম্যান্সের পর ভারতের বিপক্ষে সিরিজে সুযোগ হয়নি এই ব্যাটারের। সবশেষ ডোপিং কান্ডে তার আন্তর্জাতিক ক্যারিয়ারই এখন হুমকির মধ্যে পড়ে গেছে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR